



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- এসইসি/মুখপত্র/২০১১/১৪৮৩

তারিখঃ ০১/০৭/২০১৪ ইং

প্রেস বিজ্ঞপ্তি

৫২২ তম কমিশন সভা অদ্য ০১/০৭/২০১৪ ইং তারিখে তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. সভায় MIDAS Financing Limited এর রাইট শেয়ার (১ঃ১ অনুপাতে অর্থাৎ বিদ্যমান ১টি সাধারণ শেয়ারের বিপরিতে ১টি রাইট শেয়ার) ইস্যুর অনুমোদন প্রদান করা হয়েছে। এই রাইট শেয়ারের মাধ্যমে MIDAS Financing Limited ৬,০১,৩৪,৩৩৮ টি সাধারণ শেয়ার প্রতিটি টাঃ ১০/- মূল্যে বাজারে ছেড়ে টাঃ ৬০,১৩,৪৩,৩৮০.০০ ০০ (ষাট কোটি তের লক্ষ তেতাল্লিশ হাজার তিনশত আশি) টাকার পুঁজি উত্তোলন করবে। উল্লেখ্য, রাইট শেয়ারের মাধ্যমে উত্তোলনকৃত অর্থ কোম্পানীটি বাংলাদেশ ব্যাংকের চাহিদা মোতাবেক মূলধনের পর্যাণ্ডতা পূরণ তথা মূলধন ভিত্তি শক্তিশালী করণ, লীজ ফাইন্যান্স, টার্ম ফাইন্যান্স, এসএমই ফাইন্যান্স, গৃহায়ন লোন সম্প্রসারণ ইত্যাদি খাতে ব্যবহার করবে। এই রাইট শেয়ার ইস্যুর ব্যবস্থাপনার দায়িত্ব পালন করছে LankaBangla Investments Limited এবং CAPM Advisory Limited।
২. কমিশন আজকের সভায় AB Bank Limited এর ২৫০ কোটি টাকার Non-convertible Subordinated Bond এর প্রস্তাব অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ৭ বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, Non-convertible, Unsecured Subordinated Bond, Range of Coupon Rate 11.0% - 13.0%। বন্ডটি ০৭ বছরে Full Redemption হবে, শুধুমাত্র প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীরা প্রাইভেট প্রেসমেন্টের মাধ্যমে এই বন্ডটি ক্রয় করতে পারবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে AB Bank Limited ব্যাসেল টু এর শর্ত পূরণ, Tier 2 মূলধন বৃদ্ধি, ব্যাংকের চলতি প্রবৃদ্ধি বজায় রাখা ইত্যাদি কাজে ব্যয় করবে। AB Bank Limited Subordinated Bond এর প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০,০০০,০০০/- (এক কোটি) টাকা।


০১/০৭/২০১৪

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র